



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/30/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল শিক্ষার্থীদের জন্য মানসিক স্বাস্থ্য সেবার উপলভ্যতা বৃদ্ধি করতে 50 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

প্রতি বছর উপযুক্ত স্কুলগুলিতে 10 মিলিয়ন মার্কিন ডলার বিতরণ করা হবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে স্কুল জেলাগুলির জন্য 50 মিলিয়ন মার্কিন ডলার তহবিল উপলভ্য থাকবে যাতে করে তারা শিক্ষার্থীদের জন্য মানসিক স্বাস্থ্য সেবা সংস্থান পাওয়ার সুযোগ বৃদ্ধি করতে পারে এবং তাদের শিক্ষার ব্যাঘাতকারী ট্রমার সম্মুখীন হওয়া শিক্ষার্থীদের সহায়তা করতে পারে। নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্য অফিস (New York State Office of Mental Health, OMH) একটি প্রস্তাবনার অনুরোধ (Request for Proposals) জারি করেছে, তারা এই কর্মসূচিটি পরিচালনা করবে।

"কমবয়সী শিক্ষার্থীদের উপর কোভিড-19 মহামারীর প্রভাব অনেক বেশি পড়েছে, তাদের শিক্ষা, সামাজিক জীবন এবং বিনোদনমূলক কর্মকাণ্ড এবং সুযোগসমূহ বিঘ্নিত হয়েছে," **গভর্নর হোকল বলেন।** "আমি অনেক পিতামাতা এবং শিক্ষকের কাছে কোভিড-19 আমাদের সন্তানদের সুস্থতার উপর যে প্রভাব ফেলেছে সেই ব্যাপারে উদ্বেগ শুনেছি। তহবিলটি এটি নিশ্চিত করতে সাহায্য করবে যাতে তাদের শিক্ষার ব্যাঘাতকারী ট্রমার সম্মুখীন হওয়া প্রত্যেক শিক্ষার্থী তাদের প্রয়োজনীয় ও প্রাপ্য দরকারি সব মানসিক স্বাস্থ্য সংস্থান পেতে পারে।"

পাঁচ বছরের বেশি সময় ধরে প্রতি বছর উপযুক্ত স্কুল জেলাগুলির জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য থাকবে ও বিতরণ করা হবে। প্রতি আবেদনকারীকে প্রদত্ত অর্থ বার্ষিক 500,000 মার্কিন ডলারের বেশি হবে না। প্রথম বছরের পর তহবিল অব্যাহত থাকা নির্ভর করবে সময়মত প্রতিবেদন পেশ, নির্বাচিত অনুদানের লক্ষ্য পূরণে সন্তোষজনক অগ্রগতি, এবং তহবিলের উপলভ্যতা।

প্রস্তাবনাগুলিকে নম্বর প্রদান করা হবে, এবং সবথেকে বেশি নম্বর পাওয়া আবেদনকারীদের অর্থ প্রদান করা হবে যারা সর্বনিম্ন নম্বরের সীমা পার করে, এটি করা হবে তহবিল শেষ হয়ে যাওয়ার আগ পর্যন্ত বা কোনও অর্থায়নের উপযুক্ত আবেদন না থাকা পর্যন্ত।

উপযুক্ত প্রস্তাবনাগুলি নিম্নলিখিত লক্ষ্য অর্জন করবে:

মানসিক স্বাস্থ্য সেবার উপলভ্যতা বৃদ্ধি করবে: মানসিক স্বাস্থ্য কর্মী বৃদ্ধি এবং শিক্ষার্থীদের চাহিদা সনাক্ত করতে স্ট্যান্ডার্ডাইজড ব্যবস্থা ব্যবহার উভয়েই প্রমাণিত ইন্টারভেনশন যা শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য সমস্যা সমাধানের কৌশল ও সমর্থন পাওয়ার সুযোগকে বৃদ্ধি করে।

ইন্টিগ্রেটেড মানসিক স্বাস্থ্য সমর্থন বাস্তবায়ন: স্কুলের পরিবেশের ভেতরেই সুস্থতা ও সহনশীলতার প্রচার করা শিক্ষার্থী ও পরিবারসমূহের মানসিক স্বাস্থ্য সমর্থনে অত্যন্ত গুরুত্বপূর্ণ, বিশেষ করে একটি বৈশ্বিক মহামারীর পরপর।

মানসিক স্বাস্থ্য ব্যবস্থার মধ্যকার বিদ্যমান সমর্থকসমূহের সাথে এবং একই সাথে আরো বড় শিশু-সেবাদানকারী ব্যবস্থার সাথে অংশীদারিত্ব জোরদার করা: স্কুলের কর্মী এবং সম্প্রদায়ের সেবাদানকারীদের মধ্যে সমন্বয় বৃদ্ধি করা এবং স্কুলের ভেতরে ও বাইরের এমন সংস্থান সনাক্ত করা যা উপলভ্য সেবার সম্পূর্ণ ব্যাপ্তি উপলব্ধি করতে এবং শিক্ষার্থী ও তাদের পরিবারের কাছে যাতে তাদের প্রয়োজনীয় সমর্থন/সেবার সম্পূর্ণ ব্যাপ্তি উপলভ্য থাকে তা নিশ্চিত করতে স্কুল শিক্ষকদের ব্যবহার করতে দেয়।

[প্রস্তাবনার অনুরোধের ব্যাপারে আরো তথ্য পাওয়া যাবে OMH-র ওয়েবসাইটে।](#)

নিউ ইয়র্ক স্টেট মানসিক স্বাস্থ্য অফিসের কমিশনার ডাঃ অ্যান সালিভান বলেন, "আমাদের স্কুলগুলিতে মানসিক স্বাস্থ্য সংস্থান সম্প্রসারণ ও উন্নত করে আমরা শিশু ও তাদের পরিবারের জন্য সেবার উপলভ্যতা অনেক বেশি বৃদ্ধি করতে পেরেছি। OMH কোভিড-19 মহামারী দ্বারা যেসব শিশু ও কমবয়সীদের জীবন এলোমেলো হয়ে গেছে, এবং যারা এখন উদ্বেগ, বিষণ্ণতা এবং ট্রমা দ্বারা প্রভাবিত হচ্ছে তাদের জন্য উল্লেখযোগ্য বিনিয়োগ করেছে। আজকে গভর্নর হোকলের ঘোষিত তহবিল আমাদেরকে শিক্ষার্থীদের জন্য মানসিক স্বাস্থ্য সংস্থানের উপলভ্যতা বৃদ্ধি করতে এবং শিক্ষার্থীদের পাশাপাশি তাদের পরিবারকেও সমর্থন করতে সাহায্য করবে।"

স্টেট সিনেটর শেলি বি. মায়ার বলেন, "কোভিড-19 এর পূর্বেও, স্টেটব্যাপী আমরা যে গোলটেবিল বৈঠক করেছি সেখানে স্কুলের কর্মকর্তা, পিতামাতা, এবং স্টেকহোল্ডাররা শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য সংক্রান্ত দুশ্চিন্তাকে তাদের প্রধান সমস্যাসমূহের একটি বলেছেন। মহামারী এইসব চাহিদাকে আরো বৃদ্ধি করে দিয়েছে। আমি আনন্দিত যে এই গুরুত্বপূর্ণ উদ্যোগে তহবিল বরাদ্দ করা হয়েছে যা এখন পুরো স্টেটের জেলাগুলিতে বিতরণ করা হবে, এবং শিক্ষার্থীদের তাদের অতি জরুরি মানসিক স্বাস্থ্য সমস্যা সমাধান করতে সাহায্য করবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)